

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 ক্রীড়া পরিদপ্তর
 মণ্ডলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা-১০০০
 নং ক্রীপ/১৩/৩৩৮/১০০২/১১০০ তারিখ: ১০ মে ২০০৩
 ২৭ মে ২০০৩

ভর্তির বিজ্ঞপ্তি

সরকারী শারীরিক শিক্ষা কলেজসমূহে ব্যাচেলর অব ফিজিক্যাল
 এডুকেশন (বি,পি, এড কোর্স) শিক্ষাবর্ষ : ২০০৩-২০০৪

সরকারী শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, সরকারী শারীরিক শিক্ষা
 কলেজ, সপুড়া, রাজশাহী-৬২০৩, চট্টগ্রাম বিভাগীয় সরকারী শারীরিক শিক্ষা কলেজ,
 হলিশহর, হাটজিং স্টেট বড় পোল, চট্টগ্রাম ৪২১৬ এবং বাগেরহাটস্থ খুলনা বিভাগীয়
 সরকারী শারীরিক শিক্ষা কলেজ: পোঃ সায়ারা, শ্রীঘাট, জেলাঃ বাগেরহাট (জুলাই হতে-
 এপ্রিল পর্যন্ত ১০ মাসব্যাপী) ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন
 (বি,পি, এড) কোর্সে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র ও ছাত্রীদের নিকট হতে সংশ্লিষ্ট কলেজের
 নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রের ফরম ভর্তির বিজ্ঞপ্তি পত্রিকায়
 প্রকাশের তারিখ থেকে ১২ জুন ২০০৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

আবেদনকারীর যোগ্যতা :

- ১। বি.পি. এড কোর্সে ভর্তির ন্যূনতম শিক্ষাগতযোগ্যতা জাতীয় বিশ্ববিদ্যালয় বা
 জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় অথবা উচ্চ শিক্ষা
 প্রতিষ্ঠানের স্নাতক ডিগ্রী থাকতে হবে (মাদ্রাসা বোর্ড থেকে ফাজেল ও কামেল পাশ
 গ্রহণ যোগ্য নয়)। তবে এসএসসি হতে ডিগ্রী পর্যন্ত যে কোন একটি পরীক্ষায় ২য়
 (দ্বিতীয়) বিভাগ থাকতে হবে।
- ২। ৩০ জুন ২০০৩ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর হতে হবে।
- ৩। প্রত্যেক প্রার্থীকে যে কোন একটি খেলায় পারদর্শী হতে হবে। যা আবেদনপত্রে
 অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৪। ভর্তিচ্ছুক ছাত্র ও ছাত্রীকে অবশ্যই সাতার জানতে হবে।
- ৫। ভর্তিচ্ছুক প্রার্থীকে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট ডাকযোগে অথবা সরাসরি
 আবেদনপত্র অবশ্যই ১৪ জুন ২০০৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে
 পৌঁছাতে হবে। এ তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৬। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও
 খেলাধুলার সনদপত্র, নম্বরপত্র, এমপিওভুক্তির সনদপত্র ও চারিত্রিক সনদপত্র
 জেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
 অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৭। **প্রার্থী বাছাই প্রণালী :**
 (ক) সংশ্লিষ্ট কলেজের মোট সিট সংখ্যার ৮০% (আশি শতাংশ) সরাসরি এবং
 ২০% (বিশ শতাংশ) বিভিন্ন কলেজ/স্কুলে কর্মরত শিক্ষকদের মধ্য থেকে পূরণ
 করা হবে।
 (খ) সরাসরি বাছাই প্রণালী : ঢাকা ও রাজশাহী, চট্টগ্রাম এবং বাগেরহাটস্থ খুলনা
 সরকারী শারীরিক শিক্ষা কলেজের প্রত্যেকটিতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ
 প্রাথমিকভাবে বাছাই করতঃ ১৫ জুন/২০০৩ তারিখ ছাত্রছাত্রীদের একটি তালিকা
 সংশ্লিষ্ট কলেজের নোটিশ বোর্ডে এঁটে দেয়া হবে।
 (গ) শিক্ষক বাছাই প্রণালী : যে সমস্ত শিক্ষক শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরীরত আছেন
 তাদের এমপিওভুক্তির সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 (ঘ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ, জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায়
 পদকপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
 (ঙ) ২০ জুন তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পূর্বে সংশ্লিষ্ট কলেজ থেকে প্রবেশপত্র
 সংগ্রহ করতে হবে।
 (চ) শুধুমাত্র প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীগণ ২১-৬-২০০৩ তারিখে সকাল ৭ ঘটিকায় সংশ্লিষ্ট
 কলেজে পরীক্ষায় অংশগ্রহণের জন্য খেলাধুলা ও সকল শিক্ষাগত যোগ্যতার মূল
 সনদপত্র, নম্বরপত্র এবং শিক্ষকগণের এমপিওভুক্ত পত্রের মূল কপিসহ হাজির থাকতে
 হবে। নির্দিষ্ট সময়ে উপস্থিত হতে ব্যর্থ হলে প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণ করতে
 দেয়া হবে না। এ উদ্দেশ্যে কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা দেয়া হবে না।
- ৮। **ফলাফল প্রকাশ ও ভর্তির তারিখ :**
 (ক) ২৩ জুন ২০০৩ তারিখে ফলাফল প্রকাশ করা হবে। (সংশ্লিষ্ট কলেজের
 নোটিশ বোর্ডে)।
 (খ) ভর্তি শুরু : ২৫ জুন হতে ৩০ জুন ২০০৩ পর্যন্ত।
- ৯। ১ জুলাই ২০০৩ তারিখ হতে রুস যথারীতি আরম্ভ হবে।
- ১০। সকল ছাত্র/ছাত্রীকে ভর্তির সময় শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট জমা দিতে
 হবে এবং কোর্স শেষে তা ফেরত দেয়া হবে। সার্টিফিকেট জমা প্রদানে ব্যর্থ
 ছাত্রছাত্রীকে ভর্তি করা হবে না।
- ১১। সকল ছাত্রছাত্রীকে বাধ্যতামূলকভাবে হোস্টেলে অবস্থান করতে হবে।
- ১২। বি.পি. এড সার্বক্ষণিক কোর্সে বিধায় এই কোর্সে অধ্যয়নরত কোন ছাত্রছাত্রী একই
 সময়ে অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে অথবা চাকুরীতে নিয়োজিত হতে পারবেন
 না। তবে শিক্ষকগণের বেলায় নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র নিয়ে
 ভর্তি হতে হবে।
- ১৩। ভর্তির জন্য নির্বাচিত ছাত্রছাত্রীদের ভর্তির দিন এক মাসের খাওয়া খরচ, ভর্তি ও
 অন্যান্য ফি বাবদ নির্ধারিত টাকা জমা দিতে হবে।
- ১৪। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং
 শূন্য আসনসমূহ অপেক্ষমাণ তালিকা হতে মেধানুসারে পূরণ করা হবে।
- ১৫। সরকারী মঞ্জুরীসাপেক্ষে কলেজের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল, উপস্থিতি ও
 আচরণের উপর ভিত্তি করে বিপিএড প্রশিক্ষার্থীদের জন্য মাসিক ৩৩০/- (তিনশত
 ত্রিশ) টাকা করে বৃত্তির ব্যবস্থা করা যেতে পারে।